# 2023

## BENGALI

## ( Modern Indian Language )

Paper : BEN–CC–3016

( উনিশ ও কুড়ি শতকের বাংলা সাহিত্য—১ )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) "শীতল বলিয়া ও চাঁদ সেবিলুঁ
রবির কিরণ দেখি॥"

'রবি' শব্দটির অর্থ লেখো।

(খ) শূন্যস্থান পূর্ণ করো :

"রাজা গৌড়েশ্বর দিল পাটের ______।"

(গ) কোন্ মাসে বাংলার দুর্গোৎসব পালিত হয়?

(ঘ) শূন্যস্থান পূর্ণ করো :

"______ হেন গ্রাম ত্রিভুবনে নাঞিঃ।"

(ঙ) ''স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে;''
'বিধু' শব্দের অর্থ লেখো।

(চ) অসুস্থ হওয়ার সময় বিনুর বয়স কত ছিল?

(ছ) 'ধরায় দেবতা চাহি' কবিতাটি কার লেখা?

(জ) 'বাংলার মুখ' কবিতাটি কার লেখা?

(ঝ) আকাশে সাতটি তারা যখন ফুটে ওঠে তখন কবি কী করেন?

(ঞ) ''আমারেই পাবে তুমি ইহাদের ভিড়ে।''
কোন্ কবিতার অংশ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) ''সপ্তশ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে॥''
বক্তা কে? তাঁর বাড়ি কোথায় ছিল?

(খ) হরিহোড়ের পিতা-মাতার নাম কী ছিল?

(গ) 'লোহার ব্যথা' কবিতায় বর্ণিত যে কোনো দুটি লোহা-নির্মিত যন্ত্রের নাম উল্লেখ করো।

(ঘ) ''হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে!''
কে, কাকে একথা বলেছেন?

(ঙ) 'আবার আসিব ফিরে' কবিতায় বর্ণিত যে কোনো দুটি পাখির নাম উল্লেখ করো।





৩। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) ''সুখের লাগিয়া এ ঘর বান্ধিনু
আনলে পুড়িয়া গেল।
অমিয়া সাগরে সিনান করিতে
সকলি গরল ভেল॥''

(খ) ''নানা মতে নানা শ্লোক পড়িলাম রসাল।
খুসি হৈয়া মহারাজ দিল পুষ্পমাল॥''

(গ) ''সংসারের ওই ভাঙা ঘাটের কিনার হতে
আজ আমাদের ভাসান যেন চির প্রেমের স্রোতে।''

(ঘ) ''আগুনের তাপে শাঁড়াসির চাপে আমি চির নিরুপায়,
তবু সগর্বে ভুলিনি ফিরাতে প্রতি হাতুড়ির ঘায়।''

(ঙ) ''কিশোরের পায়ে-দলা মুথাঘাস,—লাল লাল বটের ফলের
ব্যথিত গন্ধের ক্লান্ত নীরবতা—এরি মাঝে বাংলার প্রাণ;''

(চ) ''হয়তো ভোরের কাক হ'য়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়;''

৪। (ক) 'খুল্লনার বারমাসী' কবিতা অবলম্বনে খুল্লনার বারমাসের দুঃখের কাহিনি বর্ণনা করো। ১০

*অথবা*

(খ) 'গৌড়েশ্বরের সভায় কৃত্তিবাস' কবিতা অবলম্বনে কৃত্তিবাস ওঝার কবিকীর্তির পরিচয় দাও।

৫। (ক) 'ফাঁকি' কবিতাটির কাহিনিঅংশ নিজের ভাষায় বর্ণনা করো। ১০

*অথবা*

(খ) 'মেঘনাদ ও বিভীষণ' কবিতা অবলম্বনে বিভীষণ চরিত্র বিশ্লেষণ করো।

৬। (ক) 'আবার আসিব ফিরে' কবিতা অবলম্বনে কবির নিসর্গ-প্রীতির পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) 'দূর পৃথিবীর গন্ধে' কবিতার কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো।

৭। (ক) 'ধরায় দেবতা চাহি' কবিতাটির ভাবার্থ বিশ্লেষণ করো। ১০

*অথবা*

(খ) 'নবদ্বীপ' কবিতার বিষয়বস্তু সম্পর্কে যথাযথ আলোচনা করো।

★★★